

তারিখ: 21/05/2012

### ফিশিং মেল সম্পর্কে আরবিআই-এর সতর্কতা

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের নজরে এসেছে যে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক দ্বারা স্বাক্ষরিত 'নিউ অনলাইন সিকিউরিটি প্ল্যাটফর্ম' নামক এক অনলাইন প্রস্তাব ইমেল মারফৎ পাঠানো হয়েছে alert@rbi.org-এর মেল আইডি থেকে। এই মেল অনুযায়ী, 'নিউ অনলাইন সিকিউরিটি প্ল্যাটফর্ম' ইন্টারনেট ব্যাঙ্কিং মাধ্যমে আইডেন্টিটি চুরি রোধ করতে গ্রাহককে প্রত্যেকবার ইন্টারনেট ব্যাঙ্কিং-এ সঠিকভাবে লগ করার আগে একটি দুই-তরফ অথেন্টিফিকেশন ফ্যাক্টরের মধ্যে দিয়ে যাওয়ার প্রস্তাব দেয়। ই-মেলটি তারপর প্রাপককে নির্দেশ দেয় 'অ্যাটাচমেন্টটি ডাউনলোড এবং আপডেট' করতে।

রিজার্ভ ব্যাঙ্ক স্পষ্ট করে বলে যে এইরকম কোনও মেল তারা পাঠায়নি। বাস্তবে, তার @rbi.org এক্সটেনশন সমেত কোনও মেল আইডি-ও নেই। জনসাধারণের মধ্যে এইরকম মেল যাঁরা পাচ্ছেন তাঁদের অ্যাটাচমেন্টটি খোলা এবং/অথবা তাঁদের কম্পিউটারে ডাউনলোড করা উচিত নয়। এটি একটি ফিশিং মেল হতে পারে এবং অ্যাটাচমেন্টটি ডাউনলোড করার ফলে আইডেন্টিটি চুরি হয়ে যেতে পারে।

অঞ্জনা কিলাওয়ালা  
মুখ্য মহাপ্রবন্ধক

প্রেস বিজ্ঞপ্তি: 2011-2012/1849